অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/বাজেট-১২/২০০১-২০০২/৩ (৬৪) তারিখ ০৩ জুলাই/২০০১ / ১৯ আষাঢ়/১৪০৮।

প্রেরক : মুহম্মদ লিয়াকত আলী খান
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় ও জেলা কারাগার।

বিষয় : আসামী চলাচল সংক্রান্ত ব্যয় প্রসংগে।

কারাগার সমূহে আটক বন্দীদের এক কারাগার হতে অন্য কারাগারে স্থানান্তর বাবদ খরচ, বন্দীদের চিকিৎসার জন্য বাহিরের বিভিন্ন সরকারী হাসপাতালে প্রেরনের যাতায়াত খরচ, ইত্যাদি যা ২০০০-২০০১ অর্থ বৎসরের "৪৮৮২-আইন সংক্রান্ত ব্যয়" খাত হতে ব্যয় নির্বাহ করা হত, তা চলতি ২০০১-২০০২ অর্থ বৎসরের "৪৮৯৯-অন্যান্য ব্যয়" খাত হতে ব্যয় নির্বাহ করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

উল্লেখ্য যে, বিষয়টি গত ১৮-০৪-২০০১ইং তারিখে অর্থ মন্ত্রনালয়ে ২০০১-২০০২ অর্থ বৎসরের অনুষ্ঠিত বাজেট আলোচনা সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/বাজেট-১২/২০০১-২০০২/ ৩ (৬৪)/১(৪) তারিখ ০৩ জুলাই/২০০১ / ১৯ আষাঢ়/১৪০৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হ'ল :-

১। কারা উপ-মহা পরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।

২। কারা উপ-মহা পরিদর্শক, রাজশাহী বিভাগ, সদর দপ্তর, রাজশাহী।

৩। কারা উপ-মহা পরিদর্শক, চট্টগ্রাম ও সিলেট বিভাগ, সদর দপ্তর, কুমিল্লা।

৪। কারা উপ-মহা পরিদর্শক, খুলনা ও বরিশাল বিভাগ, সদর দপ্তর, যশোহর।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক।

অতীব জরুরী

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্পেশাল জজ আদালত-৪, ঢাকা এর কার্যালয়**
এম. পি. হোস্টেল
জাতীয় সংসদ ভবন সংলগ্ন এলাকা, ঢাকা ।

স্মারক নং- বিঃ জঃ আঃ-৪/ঢাকা/১৯৫ তারিখঃ ২৭-৩-২০০৮ ইং

প্রেরক ঃ স্পেশাল জজ (জেলা জজ)
স্পেশাল জজ আদালত-৪,
ঢাকা।

প্রাপক ঃ মহা কারা পরিদর্শক,
কেন্দ্রীয় কারাগার, ঢাকা।

বিষয় ঃ- **বন্দী আসামীদের সাথে কারারক্ষী/পুলিশ থাকা এবং যথাসময়ে আসামীদের আদালতে হাজির করণ প্রসঙ্গে।**

বিষয়ে উল্লেখিত প্রসঙ্গে আপনাকে জানানো যাচ্ছে যে, বিভিন মামলার বন্দী আসামীদের সাথে কোন কারারক্ষী/পুলিশ থাকতে দেখা যায় না। সংসদ ভবনের ৩ নং ব্লকের এল. ডি. হলের ২য় তলায় ৪ এবং ৬ নং কোর্ট এবং নীচ তলায় ৫ নং কোর্ট অবস্থিত। দেখা যায় নীচ তলায় সকল পুলিশ/কারারক্ষী অবস্থান করছে। উপর তলায় ৪ নং কোর্টে কোন পুলিশ/কারারক্ষী না থাকায় আসামী ও আদালতের নিরাপত্তা প্রশ্নের সম্মুখীন।

সম্প্রতি, ইলেক্ট্রনিক্স মিডিয়া এবং বিভিন পত্র পত্রিকার মাধ্যমে জানা যায় যে বন্দী আসামীরা বিভিন্ন কুট কৌশলে মোবাইল টেলিফোন ব্যবহার করে তাদের অসৎ উদ্দেশ্য সাধন করছে। আদালতে অনুমতি সাপেক্ষে বন্দী আসামীরা তাদের নিয়োজিত বিজ্ঞ কৌসলী এবং আত্মীয়-স্বজনের সাথে ৩০ থেকে ৪৫ মিনিট কথা বলে (আদালতের কার্যক্রম শেষ করার পরে)।

যেহেতু আদালতের অনুপস্থিতিতে বন্দী আসামীরা উক্ত কার্য সম্পাদন করে এবং পুলিশ/কারারক্ষী উপস্থিত না থাকার কারণে এই সমস্ত বন্দী আসামীদের দ্বারা মোবাইল ফোন ব্যবহার থেকে শুরু করে যেকোন অপকর্ম সম্পাদন করা অবাস্তব কিছু নহে।

সম্প্রতি, বন্দী আসামী মোসাদ্দেক আলী ফালু ৬ নং কোর্টে হাজিরা দিতে এসে আদালতে কেক কেটে আর. টিভি টেলিভিশনের জন্ম বার্ষিকী উদ্বোধন করে। এ ক্ষেত্রে আদালত মনে করে পুলিশ/ কারারক্ষীদের প্রত্যক্ষ সহযোগিতা ছাড়া কোন দিন এহেন কার্য সম্পাদন করা সম্ভব নহে।

আরও দেখা যা Dull Headed কিছু পুলিশ সদস্যকে আদালত প্রাঙ্গনে ডিউটি দেয়া হয়। তারা তাদের ডিউটি সম্পর্কে মোটেও ওয়াকিবহাল নহে। ডিউটিকালীন সময়ে তাদের দেখা যায় তারা অন্য মনস্কভাবে/খামখেয়ালীভাবে বসে, দাঁড়িয়ে গল্প করে, মোবাইলে ঘন্টার পর ঘন্টা কথা বলতে থাকে, দেয়ালের উপর বসে টুপি খুলে পা দুলাতে দুলাতে মনের আনন্দে গীত গাইতে থাকে এবং আসামীদের আত্মীয়-স্বজন থেকে উৎকোচ/বকশিশ আদায়ের লক্ষে কতিপয় পুলিশ সদস্যরা ৩ নং ব্লকের এল. ডি. হলের নীচ তলায় গারদ খানার সামনে জড়ো হয়ে থাকতে পছন্দ করে। উপরে বন্দী আসামীদের এবং আদালতের নিরাপত্তার জন্য ১ অথবা ২ জন পুলিশ উপস্থিত থাকে। এহেন অবস্থায় আসামীদের কার্যকলাপ এবং পুলিশদের কর্ম অবলোকন করার মতো কোন পুলিশ কর্মকর্তাকে দেখা যায় না। আদালতের নোটিশে এসেছে যে আদালত কর্তৃক কথা বলার জন্য ৩০ মিনিট সময় প্রদান করা হলেও অধিক সময় অতিবাহিত করে বন্দী আসামীরা কথাবার্তা বলে।

এ প্রসঙ্গে আদালতের সুপারিশ হচ্ছে-

(১) বন্দী আসামীদের সাথে আত্মীয়-স্বজন যারা কথা বলবে তাদের তালিকা ধার্য তারিখের পূর্বে জেল কতৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর আদালতে প্রবেশের মুখে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক ভালো করে চেকআপ করে আদালতে প্রবেশের অনুমতি প্রদান করবে। আদালতের অনুমতি সাপেক্ষে কথা বলবে।

(২)

(২) আত্মীয়-স্বজন কর্তৃক আনীত খাবার দাবার আদালতের অনুমতি স্বাপেক্ষে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাই করার পর খাওয়ার অনুমতি দিবে, যাতে করে খাবারের সাথে উদ্দেশ্য প্রনোদিতভাবে কোন কিছু (মাদক দ্রব্য, টেলিফোন, কলম, কাগজ, চিঠি, ব্লেড ইত্যাদি অর্থাৎ ক্ষতিকারক আনুষঙ্গিক জিনিসপত্র) সরবরাহ না করতে পারে।

আসামীকে যথা সময়ে আদালতে হাজির না করার কারনে আদালতের বিচার কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ প্রসঙ্গে আসামীদেরকে যথা সময়ে কোর্টে হাজির করানোর জন্য বাংলাদেশের সকল জেলার জেল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/
স্পেশাল জজ,
স্পেশাল জজ আদালত-৪, ঢাকা

কারা অধিদপ্তর,
ঢাকা।

**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

স্মারক নং- পিডি/পরি-৯/২০০৮/১২৯৮

তারিখ ঃ ৩০-৩-২০০৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য পুলিশ মহা পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টাস, বাংলাদেশ, ঢাকা (দৃঃ আঃ এ আই জি, প্রশাসন) সমীপে প্রেরণ করা হ'ল। জেল গেইট হতে বন্দীদের বুঝে নিয়ে পুলিশ প্রহরাধীনে আদালতে হাজির করা এবং হাজিরা শেষে পুনঃ জেল গেইটে ফেরত দেওয়া হয়, বিধায় আদালতের নির্দেশনাসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হ'ল।

৩০/৩/০৮

( মোঃ মিজানুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/পরি-৯/২০০৮/১২৯৮(৭৩)

তারিখ ঃ ৩০-৩-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল। এ অধিদপ্তরের এতদসংক্রান্ত পূর্বের স্মারক নং পিডি/পরি-৯/২০০৮/১২৯৯(৭১) তারিখ ৩০-৩-২০০৮ বাতিল বলে গণ্য হবে।

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

আদালতের নির্দেশনাসমূহ, প্রযোজ্য ক্ষেত্রে, কারাগারসমূহে কঠোরভাবে বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হ'ল।

৩০/৩/০৮

( মোঃ মিজানুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

সদয় জ্ঞাতার্থে
১। সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ যুগ্ম-সচিব (প্রশাসন)

২। বিজ্ঞ স্পেশাল জজ,
স্পেশাল জজ আদালত-৪, ঢাকা।

গোপনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-২

নং ২১৪-বিবিধ-৩৩/৯১-কারা-২

তারিখ ২১-০৫-৯২ ইং / ০৭-০২-৯৯ বাং ।

## সার্কুলার

বিষয় ঃ কারাগারে আটক বন্দী স্থানান্তরের জ্বালানী ব্যয় নির্বাহ প্রসংগে ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছি যে সরকার প্রদত্ত আদেশে এক কারাগার হইতে অন্য কারাগারে বন্দী স্থানান্তরে ব্যবহৃত পরিবহনের জ্বালানী খরচও সরকার কর্তৃক নির্বাহ করা হইবে ।

স্বাক্ষর/- ( মোঃ নজরুল ইসলাম )
সহকারী সচিব

মহাকারা পরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা ।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/কম- ৫৭/১/৯২ / ৫৭৬(৩৩)        তারিখঃ [illegible] জুন'৯২/

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হইল ঃ-

১। উপ-মহাকারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার ।

৩। গার্ড ফাইল ।

মোঃ ইসকান্দার হোসেন
কর্ণেল
মহাকারা পরিদর্শক
বাংলাদেশ ।

আ/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০০৭.০১.০০১.১২-৮৫২(৭২) তারিখ ঃ ১৬-৪-২০১২ খ্রিঃ

বিষয় ঃ **বিচারাধীন বন্দীদেরকে এক কারাগার হতে অন্য কারাগারে বদলীকালে তাদের হিস্ট্রি টিকেট সাথে প্রেরণ প্রসঙ্গে।**

১ লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন কারা কর্তৃপক্ষ কর্তৃক চিকিৎসাজনিত/অন্যান্য কারনে এক কারাগার হতে অন্য কারাগারে বন্দী স্থানান্তরকালীন কারা বিধি মোতাবেক বন্দীদের সাথে পূর্ব চিকিৎসার বিবরণী/হিস্ট্রি টিকেট দেয়া হচ্ছে না। ফলে বন্দী গ্রহনকারী কারা কর্তৃপক্ষ বন্দীদের পূর্বচিকিৎসা/স্বভাব চরিত্র সম্পর্কে অবহিত হতে না পাওয়ায় প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে।

২ এরূপ জটিলতা নিরসনকল্পে চিকিৎসাজনিত/অন্য কারনে এক কারাগার হতে অন্য কারাগারে বন্দী স্থানান্তরকালীন কারা বিধি ১ম খন্ডের ৫৫৮ ও ৮৭২(ডি)(এফ) ধারা যথাযথভাবে অনুসরন করার জন্য বলা হল।

(ইকবাল কবির চৌধুরী)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)।
পক্ষে- কারা মহাপরিদর্শক
ফোন- ৭৩০০৪৬৬ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
.........সকল....... কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি ঃ

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

pors-02-12(Mai)

| স্মারক নং | |
|---|---|
| তারিখ | ০৮/১১/১৫ |

টাঙ্গাইল জেলা কারাগার
ডকেট নং ৭৫২ তাং ২৯/১১/১৫
সেল সুপার
জেলার
শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০০২.১৫- ৬৫৫৫(৭)

তারিখঃ ২৫/০৭/১৪২২ বঙ্গাব্দ
০৮/১১ ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ কারা বন্দিদের চিকিৎসার নিমিত্তে বাহির হাসপাতাল/বিভিন্ন কেন্দ্রীয় কারাগারে স্থানান্তরের প্রস্তাবের সহিত বন্দির বিস্তারিত তথ্য সন্নিবেশকরণ প্রসংগে।

সূত্র ঃ কারা অধিদপ্তরের পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০০১.১৪-১৫২৩(৭৫) তারিখঃ ০৩-০৭-২০১৪ খ্রিঃ (কপি সংযুক্ত)

১। অতি সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু পেশাদার, জঙ্গি, দুর্ধর্ষ, টপ টেরর বন্দিকে প্রশাসনিক কারণে দুর দূরান্ত কারাগরে বদলী করা হলে উক্ত শ্রেণীর বন্দিগণ তাদের সুবিধামত অবস্থানের জন্য বিভিন্ন কেন্দ্রীয় কারাগারে চিকিৎসা অজুহাতে বদলীর অপচেষ্টা করেন এবং স্থানীয় কারা কর্তৃপক্ষ তথা মেডিকেল অফিসারের সুপারিশক্রমে বন্দিকে সংশ্লিষ্ট কারাগারে বদলী করা হয়। বন্দির সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য বন্দির বিস্তারিত তথ্য একান্ত আবশ্যক। এখন হতে যে কোন বন্দির চিকিৎসা সংক্রান্ত বদলি/স্থানান্তরের প্রস্তাবের সাথে সূত্রস্থ স্মারকে আহবায়িত তথ্যাদি অবশ্যই সন্নিবেশ করতে হবে।

২। বিষয়টি আপনার অধিনস্থ কারাগারসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে- ০১ পাতা।

বিভাগীয় দপ্তর

পত্র নং-৪৪.০৭.২৬০০.০৬১.০৩.০০১.১৫- ৮৫৫১(২১)/১ তারিখঃ ২৬ /১১/২০১৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়ক, টাঙ্গাইল কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে----০১(এক) ফর্দ।

মোঃ গোলাম হায়দার
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

পত্র নং-৪৪.০৭.২৬০০.০৬১.০৩.০০১.১৫- ৮৫৫১(২১)/১ তারিখঃ ২৬ /১১/২০১৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করা হলো।

মোঃ গোলাম হায়দার
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩.০৯.০০৪.২০১৩- ২৬৯

তারিখ ঃ ১৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০১৫ খ্রিঃ

বিষয় ঃ পুলিশ রিমান্ডকালে সঙ্গ দেয়ার জন্য মহিলা বন্দীদের সাথে মহিলা কারারক্ষী প্রদান ।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের কারাগারসমূহে মহিলা কারারক্ষিগণ কারা বিধি অনুযায়ী কারাভ্যন্তরে মহিলা কারা বন্দীদের সঙ্গ প্রদান, কয়েদী/হাজতীদের পরিবহন তথা স্থানান্তরের সময় প্রতিরক্ষা সহচর, হাসপাতালে ভর্তি মহিলা কয়েদী/হাজতীদের পাহারা, সাক্ষাৎকারের সময় দেহতল্লাশীসহ বহুবিধ কার্যক্রম মহিলা কারারক্ষীগণ করে থাকে। সেতুলনায় মহিলা কারারক্ষীর সংখ্যা অত্যন্ত কম। পুলিশ রিমান্ডকালে মহিলা কারারক্ষী নিয়োগের কোন নির্দেশনা নেই। তথাপি মহিলা বন্দীদের সম্ভ্রম রক্ষা ও একাকীত্ব দূরকরণার্থে মহিলা কারারক্ষী নিয়োগ একটি রেওয়াজ হিসেবে অনুসৃত হয়ে আসছে। পুলিশ রিমান্ডকালে মহিলা বন্দীগণ সম্পূর্ণরূপে পুলিশের নিয়ন্ত্রনেই থাকে। সেকারণে পুলিশ রিমান্ডকালে মহিলা বন্দীদের কারাগার হতে গ্রহণ করে রিমান্ড শেষে কারাগারে ফেরৎ প্রদান পর্যন্ত সময়কালে মহিলা পুলিশ সদস্য নিয়োগ প্রদান করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, পুলিশ রিমান্ডকালে মহিলা বন্দীদের কারাগার হতে গ্রহণ করে রিমান্ড শেষে সংশ্লিষ্ট কারাগারে ফেরৎ প্রদান পর্যন্ত সময়কালীন উপর্যুক্ত সংখ্যক মহিলা পুলিশ সদস্য আবশ্যিকভাবে নিয়োগ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। এ সংক্রান্ত কারা অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে- ০২ ফর্দ।

(মোঃ ওয়াহিদুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৫০০১৭

মহাপুলিশ পরিদর্শক
পুলিশ হেডকোয়ার্টার্স
ঢাকা।

অনুলিপি ঃ

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

**কারা অধিদপ্তর, ঢাকা।**

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০২.০১৩.১৫- ৫৮৪ (৭৫)

তারিখ ঃ ৩০ ভাদ্র ১৪২২ বঃ
১৪ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক বরাবরে প্রেরণ করা হলো।

(এ,কে,এম, ফজলুল হক)
কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪০০ (দপ্তর)।

| | |
|---|---|
| কারা উপ-মহাপরিদর্শক<br>সকল বিভাগ<br>সকল সদর দপ্তর। | কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি-না তা<br>১ মাস পর্যবেক্ষণ করতঃ প্রতিবেদন সংগ্রহ করে<br>কারা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
৬, ফনিক্স রোড, ফুলবাড়ীয়া
ঢাকা-১০০০।

স্মারক নং-৪৪.০১.০০০০.০১৯.৫১.০০৪.১৪/ তারিখঃ আশ্বিন/১৪২২ বঙ্গাব্দ / সেপ্টেম্বর/২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ পুলিশ রিমান্ডকালে সঙ্গ দেয়ার জন্য মহিলা বন্দীদের সাথে মহিলা কারারক্ষী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০২৩.০৯.০০৪.২০১৩-২৬১, তাং-৩০/৮/২০১৫খ্রিঃ মূলে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্‌সংগে প্রেরণ করা হলো। পুলিশ রিমান্ডকালে মহিলা বন্দীদের কারাগারে হতে গ্রহণ করে রিমান্ড শেষে সংশ্লিষ্ট কারাগারে ফেরৎ প্রদান পর্যন্ত সময়কালীন মহিলা পুলিশ সদস্য আবশ্যিকভাবে নিয়োগ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ০২(দুই) পাতা।

(মোঃ মনিরুজ্জামান পিপিএম-বার)
বিপি নং-৭৪৯৯০১০০৫৩
এআইজি(কনফিডেন্সিয়াল), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

১। অতিরিক্ত আইজি, এসবি/সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ডিএমপি/সিএমপি/কেএমপি/আরএমপি/বিএমপি/এসএমপি।
৪। ডিআইজি,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট, বাংলাদেশ পুলিশ।
৫। পুলিশ সুপার,......................................................(সকল)।

স্মারক নং-৪৪.০১.০০০০.০১৯.৫১.০০৪.১৪/ তারিখঃ আশ্বিন/১৪২২ বঙ্গাব্দ / সেপ্টেম্বর/২০১৫ খ্রিঃ।

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম, উপ-সচিব, কারা-১ অধিশাখা, স্বঃমঃ)

(মোঃ মনিরুজ্জামান পিপিএম-বার)
বিপি নং-৭৪৯৯০১০০৫৩
এআইজি(কনফিডেন্সিয়াল)
পক্ষে/ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.০১৯.৫১.০০৪.১৪/৭৬৭২/২(১) তারিখঃ ৮ আশ্বিন/১৪২২ বঙ্গাব্দ / ২৩ সেপ্টেম্বর/২০১৫ খ্রিঃ।

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা।
(দৃঃআঃ কর্ণেল মোঃ ফজলুল কবীর, অতিঃ কারা মহাপরিদর্শক)।

(মোঃ মনিরুজ্জামান পিপিএম-বার)
বিপি নং-৭৪৯৯০১০০৫৩
এআইজি(কনফিডেন্সিয়াল), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.০১৯.৫১.০০৪.১৪/৭৬৭২/৩(১) তারিখঃ ০৮ আশ্বিন/১৪২২ বঙ্গাব্দ / ২৩ সেপ্টেম্বর/২০১৫ খ্রিঃ।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা, অপারেশন কন্ট্রোলরুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। এ পত্রটি তাঁকে ফ্যাক্সের মাধ্যমে প্রেরণ করতঃ ডাইরীভুক্ত করার জন্য অনুরোধ করা হ'ল।

(মোঃ মনিরুজ্জামান পিপিএম-বার)
বিপি নং-৭৪৯৯০১০০৫৩

## কারা অধিদপ্তর, ঢাকা

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০১.১৫-৬১১(৭৫) তারিখ ঃ ১৫ আশ্বিন ১৪২২ বঃ / ৩০ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

৩০/৯/১৫
মোঃ আব্দুল জলিল
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪৬৬ (দপ্তর)।